319

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 12 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শিক্ষক ও গবেষক বিনিময়ে ঢাকা ভার্সিটির সাথে ২টি জাপানী ভার্সিটির সম্মতি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গবেষণা খাতে সহযোগিতা এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও গবেষক বিনিময়ের আয়োজন করতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জাপানের দু'টি বিশ্ববিদ্যালয়ের সাথে বিনিময় কর্মসূচীতে স্বাক্ষর করতে সম্মত হয়েছে। জাপানের ঐ দু'টি বিশ্ববিদ্যালয় হচ্ছে টোকিও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং জাপান কাইয়াগু বিশ্ববিদ্যালয়। বাংলাদেশের একটি শিক্ষক প্রতিনিধি দলের সাম্প্রতিক জাপান সফরের সময় উভয়পক্ষের মধ্যে এই সমঝোতা হয়। এছাড়া জাপানের বিজ্ঞান উন্নয়ন পরিষদের সাথে সমঝোতা স্মারক নবায়নের বিষয়টিও চূড়ান্ত করা হয়। তিন সদস্যের বাংলাদেশ শিক্ষক প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর এটিএম জহুরুল হক। প্রতিনিধি দলের অপর দু'সদস্য হলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর আনোয়ারুল্লাহ চৌধুরী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এ কে আজাদ চৌধুরী।